



Reg. No.Dha-0462

বাংলাদেশ মহিলা পরিষদ

BANGLADESH MAHILA PARISHAD

SUFIA KAMAL BHABAN

10/B/1, SEGUN BAGICHA, DHAKA-1000

Phone 9582182, Fax 9563529, website: www.mahilaparishad.org

E-mail: info@mahilaparishad.org, mparishad@gmail.com

NGOs in consultative status with the Economic and Social Council [ECOSOC] of the United Nations

তারিখ: ১৫.০২.২০২৩

বরাবর

বার্তা সম্পাদক সমীপে

দৈনিক পত্রিকা ও টেলিভিশন চ্যানেল

সংবাদ প্রকাশ ও সংবাদ প্রচারার্থে।

বিষয়: কুষ্টিয়ার ইসলামী বিশ্ববিদ্যালয়ে (ইবি) নবীন শিক্ষার্থীকে দেশরত্ন শেখ হাসিনা হলের গণরুমে রাতভর নির্মমভাবে শারীরিক, মানসিক নির্যাতন ও বিবস্ত্র করে ভিডিও ধারণের ঘটনায় গভীর উদ্বেগ ও ক্ষোভ প্রকাশ করে ঘটনার সাথে জড়িতদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবিতে বাংলাদেশ মহিলা পরিষদের বিবৃতি।

অদ্য ১৫ ফেব্রুয়ারি ২০২৩ তারিখ বিভিন্ন দৈনিক পত্রিকায় প্রকাশিত সংবাদ মাধ্যমে জানা যায় যে, কুষ্টিয়া জেলার ইসলামী বিশ্ববিদ্যালয় (ইবি) শাখা ছাত্রলীগের সহসভাপতি ও তার সহযোগীদের দ্বারা নবীন শিক্ষার্থীকে দেশরত্ন শেখ হাসিনা হলের গণরুমে ডেকে নিয়ে রাতভর শারীরিক, মানসিক নির্যাতন ও বিবস্ত্র করে ভিডিও ধারণের ঘটনা ঘটেছে। জানা যায়, কুষ্টিয়ার ইসলামী বিশ্ববিদ্যালয় (ইবি) উদ্বোধনী ক্লাসে উপস্থিত হতে গত ৭ ফেব্রুয়ারি শেখ হাসিনা হলের ৩০৬ নম্বর রুমে এলাকার পরিচিত আপুর কাছে ওঠেন ওই নবীন ছাত্রী। গত ৯ ফেব্রুয়ারি ২০২৩ তারিখ বিশ্ববিদ্যালয়ের ছাত্রলীগের কর্মী তাবাসসুম তাকে রুমে দেখা করতে বললে অসুস্থ থাকায় যথাসময়ে তিনি রুমে যেতে পারেননি। পরে ওই ছাত্রী তাদের রুমে দেখা করতে গেলে তারা তার সঙ্গে খারাপ আচরণ, ভয়ভীতি প্রদর্শন ও হল থেকে ঘাড় ধরে বের করে দেওয়ার হুমকি দেয়। এ ঘটনার জের ধরে গত ১১ ফেব্রুয়ারি ২০২৩ তারিখ রাতে সানজিদা চৌধুরী অন্তরা বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগ সহসভাপতি ও পরিসংখ্যান বিভাগের ২০১৭-১৮ শিক্ষাবর্ষ, তার সহযোগী তাবাসসুম ফিন্যান্স অ্যান্ড ব্যাংকিং বিভাগের ২০২০-২১ শিক্ষাবর্ষের শিক্ষার্থীসহ ৭-৮ জন ওই নবীন ছাত্রীকে দেশরত্ন শেখ হাসিনা হলের গণরুমে নিয়ে তাকে মুখ চেপে ধরে নির্মমভাবে শারীরিক, মানসিক নির্যাতন ও জোরপূর্বক বিবস্ত্র করে ভিডিও ধারণ করে। এ ঘটনা কাউকে জানালে তাকে হল থেকে বের করে দেওয়াসহ সামাজিক যোগাযোগমাধ্যমে ভিডিও ভাইরাল করে দিবে বলে হুমকি দেয়। এ ঘটনায় মঙ্গলবার সকালে নির্যাতনের শিকার ছাত্রী অভিযুক্তদের বিরুদ্ধে প্রক্টর ও ছাত্র উপদেষ্টা বরাবর লিখিত অভিযোগ দেন।

আমরা গভীর উদ্বেগের সাথে লক্ষ্য করছি- ছাত্রলীগের দাপটের কারণে বিভিন্ন বিশ্ববিদ্যালয় ও কলেজের হলগুলোতে শিক্ষার্থীদের প্রতি নানা ধরনের সহিংসতার ঘটনা ঘটেই চলেছে। ফলে শিক্ষার্থীদের নিরাপত্তা চরমভাবে বিঘ্নিত হচ্ছে। বিশ্ববিদ্যালয়ের হলে নির্মমভাবে শারীরিক, মানসিক নির্যাতন ও জোরপূর্বক বিবস্ত্র করে সেটার ভিডিও ধারণের ঘটনায় আমরা বিস্মিত ও ক্ষুব্ধ।

এই ঘটনায় একদিকে যেমন নির্যাতনের শিকার ছাত্রীর মানবাধিকার লঙ্ঘিত হয়েছে, তেমনি বিশ্ববিদ্যালয়ের স্বাভাবিক শিক্ষার পরিবেশ ব্যাহত হচ্ছে। নারী শিক্ষার্থীদের মর্যাদা ও নিরাপত্তার দায়িত্ব বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের। বাংলাদেশ মহিলা পরিষদ বিশ্ববিদ্যালয়ের হলগুলোতে নারী শিক্ষার্থীদের জন্য নিরাপদ আবাসন ব্যবস্থা ও শিক্ষার সুষ্ঠু পরিবেশ নিশ্চিত করার লক্ষ্যে সংশ্লিষ্ট কর্তৃপক্ষসহ শিক্ষা মন্ত্রণালয়ের নিকট জোর দাবি জানাচ্ছে।

বাংলাদেশ মহিলা পরিষদ উপরোল্লিখিত ঘটনার সাথে জড়িতদের বিরুদ্ধে সুষ্ঠু ও নিরপেক্ষ তদন্ত সাপেক্ষে দৃষ্টান্তমূলক শাস্তি এবং ভুক্তভোগী ছাত্রীসহ সকল শিক্ষার্থীদের লেখাপড়া ও নিরাপত্তা নিশ্চিতকরণের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থাগ্রহণ এবং এই ধরনের ঘটনার পুনরাবৃত্তি রোধে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে কঠোর পদক্ষেপ গ্রহণের দাবি জানাচ্ছে।

বিবৃতিতে স্বাক্ষর করেন-

ডা. ফাওজিয়া মোসলেম

সভাপতি

বাংলাদেশ মহিলা পরিষদ

মালেকা বানু

সাধারণ সম্পাদক

বাংলাদেশ মহিলা পরিষদ